

# হাবিপ্রবির ভর্তি পরীক্ষা শুরু আজ

দিনাজপুর প্রতিনিধি

০৫ মে ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

**আমাদের সময়**



দিনাজপুর হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (হাবিপ্রবি) ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা আজ শুরু হবে। চলতি শিক্ষাবর্ষে ৭২ হাজার ৯৮৪ জন শিক্ষার্থী সম্মান শ্রেণির ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করেছে। বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়।

UNIBOTS

এতে বলা হয়, বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ব্যবস্থাপনায় ৬ ও ৭ মেও অনুষ্ঠিত হবে ভর্তি পরীক্ষা। পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে শনিবার সন্ধ্যা ৭টা থেকে রাত ১০টা পর্যন্ত হাবিপ্রবির ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. এনামউল্যার সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের ভিআইপি সম্মেলনক্ষেত্রে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. এনামউল্যা বলেন, ভর্তি পরীক্ষা সুষ্ঠু ও সুন্দরভাবে অনুষ্ঠিত করার লক্ষ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সব ধরনের ব্যবস্থা নিয়েছে। এ ব্যাপারে তিনি উপস্থিত আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, মেস মালিক সমিতি, জেলা পরিবহন মালিক সমিতি, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণসহ সর্বস্তরের জনসাধারণের সার্বিক ও আন্তরিক সহযোগিতা কামনা করেন।